গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

## সরকারি মাদ্রাসা-ই-আলিয়া

বখশিবাজার, ঢাকা-১২১১
website : www.dhkgovmalia.edu.bd
E-mail : malia1780dhaka@gmail.com

তারিখ: ০৫/০৪/২০২১খ্রি.

# উপবৃত্তি সংক্রান্ত সংশোধিত নোটিশ

সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা এর ২০২০-২০২১ শিক্ষা বর্ষের দাখিল ৯ম ও আলিম শ্রেণির ১ম বর্ষের ছাত্রদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সমন্বিত উপবৃত্তির কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদনের জন্য ০৬/০৪/২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অভিভাবকসহ মাদ্রাসায় উপস্থিত থাকতে নোটিশ দেওয়া হয়েছে। করোনাভাইরাস (কোভিড-১৯) এর জন্য উক্ত তারিখে মাদ্রাসায় না এসে নিজ নিজ দায়িত্বে সংযুক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে উপবৃত্তির আবেদন করার জন্য বলা হলো।

প্রফেসর মোঃ আলমগীর রহমান
আইডি নং০৬০৪
অধ্যক্ষ
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

প্রফেসর মোঃ আলমগীর রহমান
অধ্যক্ষ
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।

D/.Notice-2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সমন্বিত উপবৃত্তি কর্মসূচি**
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৭৭/১(১৩) /৫১৭ তারিখ: ৩১.০৩.২০২১ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির তালিকাভুক্ত শিক্ষার্থীর HSP MIS এ তথ্য এন্ট্রি এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল ফর্ম পুরণ প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৬৮/১(১৫)/৫১৭ ও তারিখ: ২৪.০৩.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২১ সালের ৬ষ্ঠ এবং ২০২০-২১ শিক্ষাবর্ষে ১১শ শ্রেণির নির্বাচিত শিক্ষার্থীর তালিকা HSP MIS এ অন্তর্ভুক্তির ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল ফরম পুরণের বিষয়ে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

**ক) HSP MIS এ লগইন করার নিয়মাবলী:**

HSP MIS এর লিংক (http://hspbd.com/HSP-MIS/login) লগইন করলে একটি স্ক্রিন প্রদর্শিত হবে। উপবৃত্তির জন্য প্রথমটি অর্থ্যাৎ হারমোনাইজড স্টাইপেন্ড প্রোগ্রাম (এইচএসপি) এ ক্লিক করলে HSP MIS এর ড্যাশবোর্ড প্রদর্শিত হবে। User Name/ID ও Password টাইপ করে লগইন বাটনে ক্লিক করতে হবে।

**খ) প্রতিষ্ঠানের তথ্য আপডেট/এন্ট্রির নিয়ামাবলী:**

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'কনফিগারেশন' বাটনে ক্লিক করতে হবে।
- 'প্রতিষ্ঠান তথ্য' বাটনে ক্লিক করুন।
- 'প্রতিষ্ঠান তালিকায়' গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন।
- 'সম্পাদন' বাটনে ক্লিক করুন। অতঃপর প্রতিষ্ঠান প্রোফাইল ফর্মে তথ্যসমূহ অর্থাৎ প্রতিষ্ঠান তথ্য, প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্য, প্রতিষ্ঠান ঠিকানা, পেমেন্টের তথ্য আপডেট/এন্ট্রি করতে হবে।
- প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্য ফর্মে ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত ভর্তিকৃত মোট শিক্ষার্থীর (ছেলে/মেয়ে) সংখ্যা এন্ট্রি করতে হবে।
- প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) নম্বর এন্ট্রি করতে হবে।
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

**গ) HSP MIS এ তথ্য এন্ট্রিকরণ পদ্ধতি:**

১। কর্মসূচির আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১ সালে ৬ষ্ঠ এবং ২০২০-২১ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য HSP MIS এর অনলাইন সফটওয়্যার লিংকে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ০৩.০৪.২০২১ তারিখ থেকে ২৩.০৪.২০২১ তারিখে মধ্যে এন্ট্রি এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট অনুমোদনের জন্য তথ্য প্রেরণ করতে হবে। **এন্ট্রির শেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে প্রথম থেকেই এন্ট্রি কার্যক্রম শুরু করতে হবে। নতুবা শেষ পর্যায়ে সার্ভারে অতিরিক্ত চাপের ফলে কাজে বিঘ্ন সৃষ্টি হতে পারে। ২৩.০৪.২০২১ রাত ১২.০০ টায় HSP MIS এ তথ্য এন্ট্রি এবং উপজেলা/থানায় প্রেরণ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।** উপজেলা/থানা পর্যায়ে গঠিত কমিটির মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP MIS এ এন্ট্রিকৃত তথ্যাদি যাচাই বাছাই করে আগামী ২৭.০৪.২০২১ তারিখের মধ্যে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা চূড়ান্ত অনুমোদনের জন্য HSP/PMEAT তে প্রেরণ করবেন।

২। শিক্ষার্থীর ইউআইডি (UID) নম্বর হিসাবে সংশ্লিষ্ট শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর ব্যবহার হবে। শিক্ষার্থীর জন্মসনদ নম্বর ১৭ ডিজিটের হতে হবে।

৩। শুধুমাত্র ৬ষ্ঠ এবং ১১শ শ্রেণির শিক্ষার্থীরা এ কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন করতে পারবে। তবে ৯ম শ্রেণির শিক্ষার্থীরা যারা উপবৃত্তি কর্মসূচি বহির্ভূত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে জেএসসি/জেডিসি পাস করে নতুন ভর্তি



D/.Notice-2020

হয়েছে তারাও উপবৃত্তির জন্য আবেদন করতে পারবে। তবে নিজ শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষার্থী ৮ম শ্রেণি উত্তীর্ণ হয়ে ৯ম শ্রেণিতে ভর্তি হলে আবেদন করতে পারবেনা।

৪। পিতা/মাতা/ অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর এন্ট্রি/আপডেট করতে হবে। জাতীয় পরিচয়পত্র নম্বর ১০ অথবা ১৭ ডিজিট হতে হবে। ১৩ ডিজিটের জাতীয় পরিচয়পত্র থাকলে প্রথমে ৪ ডিজিটের জন্ম সাল যুক্ত করে ১৭ ডিজিট করতে হবে।

৫। শিক্ষার্থীর উপবৃত্তি অর্থ প্রাপ্তির ক্ষেত্রে অনলাইন ব্যাংক/এজেন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করা যাবে। এছাড়া শিক্ষার্থীদের স্কুল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করা যাবে।

৬। অনলাইন/এজেন্ট ব্যাংক এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১১-১২ ডিজিট হতে হবে।

৭। অনলাইন/এজেন্ট ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট অবশ্যই শিক্ষার্থী/পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খুলতে হবে। কেবল মাত্র পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভবাকের নামে একাউন্ট খোলা যাবে।

৮। "হিসাবধারীন নাম" এর স্থানে যার নামে অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং একউন্ট খোলা হয়েছে তার নাম লিখতে হবে।

৯। HSP MIS এ এন্ট্রির সময় পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন বৈধ ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। স্কুল ব্যাংকিং একাউন্টের ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তার নাম এন্ট্রি করতে হবে।

১০। সূত্রোক্ত স্মারক পত্রের নীতিমালা অনুযায়ী সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাবহির্ভূত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে User ID ও Password প্রদান করা যাবে না এবং উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের তথ্য HSP MIS এ অনুমোদন করা যাবে না। বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিশ্চিত করবেন।

১১। উপবৃত্তিযোগ্য সকল শিক্ষার্থীর তথ্য নিশ্চিত হয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান HSP MIS এ এন্ট্রি করবেন। কোন অযোগ্য শিক্ষার্থীর একাউন্ট খোলা হলে অথবা যোগ্য শিক্ষার্থীর একাউন্ট নম্বরের পরিবর্তে অন্য একাউন্ট নম্বর এন্ট্রি করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধান দায়ী থাকবেন এবং উক্ত অসত্য একাউন্ট নম্বরে উপবৃত্তির অর্থ বিতরণ হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ইউজার আইডি ও পাসওয়ার্ড ইতিপূর্বে প্রেরণ করা হয়েছে। যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান নতুন অন্তর্ভুক্ত হয় বা ইউজার আইডি হিসাবে EIIN নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে না পারে তবে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও EIIN নম্বরসহ (বিভাগ, জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন) উল্লেখ্য পূর্বক ই-মেইলে পত্র প্রেরণ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান User ID এবং Password এর গোপনীয়তা বজায় রেখে যথাযথভাবে সংরক্ষণ করবে।

১৩। উপবৃত্তি ও ইউজার আইডি পাসওয়ার্ড সংক্রান্ত যে কোন তথ্য বা যোগাযোগের জন্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে hsp.sstipend@gmail.com মেইলে করার জন্য অনুরোধ করা হলো।

৩১/০৩/২১

(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

HSP File 61

স্মারক নং-এসইভিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৭৭/১(১৩)/৫৭ তারিখ: ৩১.০৩.২০২১ খ্রি.

**<u>অনুলিপি</u>: সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৫। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৯। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
১০। একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা।
১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
১২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সিষ্টেম এনালিষ্ট, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি -এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫। সংরক্ষণ নথি।

৩১/০৩/২০২১
(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

HSP File 62

D/.Notice-2020